# যে কেউ কোনো জাতির সাথে সামঞ্জস্য বিধান করে চলবে সে তাদের দলভুক্ত বলে গণ্য হবে

বিভাগ/অধ্যায়ঃ প্রথম বিষয় - ‘তাশাব্বুহ’ (অনুসরণ-অনুকরণ) বলতে যা বুঝায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

‘তাশাব্বুহ’ শব্দের আভিধানিক অর্থ

‘তাশাব্বুহ’ শব্দের আভিধানিক অর্থ:

‘তাশাব্বুহ’ শব্দটি ‘মুশাবাহাহ’ শব্দ থেকে গৃহীত। তার অর্থ হলো: ‘মুমাসালাহ’ বা সাদৃশ্য গ্রহণ, মিল করা; অনুরূপ অপর অর্থ ‘মুহাকাত’ বা অনুকরণ করা, নকল করা; তদ্রূপ অন্য অর্থ হচ্ছে, তাকলীদ বা অন্ধ অনুসরণ করা।

আর ‘তাশবীহ’ মানে হলো: তামসীল বা দৃষ্টান্ত স্থাপন, সাদৃশ্য নির্ধারণ।

পক্ষান্তরে ‘মুতাশাবিহাত’ মানে হলো: ‘মুতামাসিলাত’ বা সাদৃশ্যপূর্ণ বিষয়াদি। যেমন, বলা হয়,

أشبه فلان فلانا أي ماثله وحاكاه وقلده

“অমুক ব্যক্তি অমুক ব্যক্তির মতো হয়েছে, অর্থাৎ সে তার সাদৃশ্য গ্রহণ করেছে, তার অনুকরণ করেছে এবং সে তাকে অন্ধভাবে অনুসরণ করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6872

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন